যায়যায়দিন

তারিখ 6 JAN 2009
পৃষ্ঠা ১৬

বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮

# বিশ্ববিদ্যালয় স্থাপনে ন্যূনতম ২৫০০০ বর্গফুট স্থান থাকতে হবে

যাযাদি রিপোর্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শিক্ষার্থীদের ধারাবাহিক সাফল্য ও দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের চরম সঙ্কটের কথা বিবেচনায় রেখে বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮ জারি করেছে সরকার। এর ফলে ১৯৯২ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশটি বিলুপ্ত হলো। আর নতুন অধ্যাদেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম ২৫ হাজার বর্গফুট স্থান থাকা বাধ্যতামূলক করা হয়েছে।

জারিকৃত এ অধ্যাদেশের ফলে বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রক্রিয়া আগের চেয়ে সহজ হবে। তবে এ অধ্যাদেশ অনুযায়ী কোনো উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের শিক্ষার যথাযথ মান রক্ষার ক্ষেত্রে অধিক মনোযোগী পৃ ১৫ ›› ক ৭

## বিশ্ববিদ্যালয় স্থাপনে ন্যূনতম

(শেষ পৃষ্ঠার পর)

হতে হবে। এ অধ্যাদেশ অনুযায়ী নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে যে কোনো ব্যক্তি বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে পারেন। তবে তাকে বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনা সংক্রান্ত সুনির্দিষ্ট নিয়ম অনুসরণ করতে হবে।

অধ্যাদেশ অনুযায়ী বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রথমে সাময়িক সনদপত্রের জন্য আবেদন করতে হবে। সাময়িক সনদপত্র পেতে হলে প্রতিষ্ঠানটিকে কমপক্ষে ২৫ হাজার বর্গফুট আয়তন বিশিষ্ট নিজস্ব অথবা ভাড়াকৃত ভবন থাকার বিধান রাখা হয়েছে। প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় বিশ্ববিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে ৫ কোটি টাকা সরকার অনুমোদিত যে কোনো তফসিলি ব্যাংকে জমা রাখার সুস্পষ্ট বিধান রয়েছে। পাশাপাশি প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৩টি অনুষদ রাখা বাধ্যতামূলক করা হয়েছে। এক্ষেত্রে আগেই অনুমোদিত কোনো বিশ্ববিদ্যালয়ের একই নামে নতুন প্রতিষ্ঠানকে অনুমোদন না দেয়ার বিধান রাখা হয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ও পরিকল্পনা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক পূর্বানুমোদিত রাখার কথা বলা হয়েছে। সব বিধান পূরণে সক্ষম হলে ওই প্রতিষ্ঠান স্থায়ী সনদপত্রের জন্য আবেদন করতে পারবে।